ভোরের কাগজ

DEC. 1 8 2000

তারিখ ...

পৃঃ ১ কলাম ...

# পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস : কমিটির রিপোর্ট হস্তান্তর

মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তকরণের জন্য এবং মুক্তিযুদ্ধের চেতনা সংবলিত বিষয়বস্তু প্রণয়নের লক্ষ্যে সরকার কর্তৃক গঠিত কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. আনিসুজ্জামান গতকাল রোববার শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের কাছে তাদের রিপোর্ট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন।

কমিটি গত সেপ্টেম্বর মাস থেকে মোট চার ভাগে প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের ইতিহাসের বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে সুপারিশ প্রণয়ন করে। ২০০১ সালের শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকে কমিটির সুপারিশমালা অন্তর্ভুক্ত করা হয়েছে।

রিপোর্ট গ্রহণকালে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক অত্যন্ত দ্রুততার সঙ্গে পরিশ্রমসিদ্ধ একটি রিপোর্ট প্রণয়নের জন্য কমিটির সদস্যদের ধন্যবাদ জানান। তিনি

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের

● প্রথম পাতার পর

বলেন, সমগ্র জাতি এবং শিক্ষানুরাগী মাত্রই তাদের এই অবদানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

অনুষ্ঠানে শিক্ষা সচিব ড. সাদ'ত হুসাইন, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব আবদুল মতিন খান, অধ্যাপক ড. আনিসুজ্জামান, অধ্যাপক মমতাজউদ্দীন আহমদ, অধ্যাপক শফিউল আলম, এনসিটিবি-এর চেয়ারম্যান ড. তপন কান্তি চৌধুরী প্রমুখ বক্তৃতা করেন।

বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক সালাউদ্দিন আহমদ, রাষ্ট্রবিজ্ঞানী সরদার ফজলুল করিম, মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক, অধ্যাপক ড. ইমরান হোসেন প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।